দৈনিক বাংলা

তারিখ 19 AUG 1993
পৃষ্ঠা ২ কলাম ৪

# আলিয়া মাদ্রাসায় শিবিরই হামলা করেছে ঃ ছাত্রদল

স্টাফ রিপোর্টার ঃ মঙ্গলবার দু'দল ছাত্রের মধ্যে ভয়াবহ সংঘর্ষের পর বন্ধ ঘোষিত ঢাকা আলিয়া মাদ্রাসার পরিবেশ বুধবার শান্তিপূর্ণ ছিল। মাদ্রাসা ক্যাম্পাস এবং হলে পুলিশ মোতায়েন করা হয়েছে। ছাত্ররা ওই দিনই হল ছেড়ে চলে গেছে।

সংঘর্ষের অব্যবহিত পরে ছাত্রদল ও ছাত্রশিবির কর্তৃক দায়েরকৃত দুটি পৃথক মামলায় গতকাল পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি। ঢাকা মেডিক্যালে চিকিৎসাধীন আহতদের অবস্থার উন্নতি হয়েছে।

বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতিতে ঢাকা আলিয়া মাদ্রাসায় ছাত্র সংঘর্ষের নিন্দা করেছেন। বিবৃতিতে এ সংঘর্ষের সাথে জড়িতদের অবিলম্বে গ্রেফতার ও বিচার এবং মাদ্রাসা খুলে দেয়ার দাবি জানানো হয়।

জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন ও সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন আলম এক বিবৃতিতে আলিয়া মাদ্রাসায় ছাত্র শিবির-জাতীয়তাবাদী ছাত্র দলের নেতা-কর্মীদের উপর হামলা চালিয়েছে বলে অভিযোগ করে হামলার নিন্দা করেছেন।

বিবৃতিতে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, ইসলামের দোহাই দিয়ে এই গোষ্ঠী দানবীয় কায়দায় মানুষের জীবন সংহারের বিকৃত নেশায় মত্ত। এদের হাতে ধর্ম সমাজ, রাজনীতি গণতন্ত্র-স্বাধীনতা কোনটাই নিরাপদ নয়।

নেতৃবৃন্দ অবিলম্বে আলিয়া মাদ্রাসায় সন্ত্রাসকারীদের গ্রেফতার ও বিচার দাবী করেন। (৮-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আলিয়া মাদ্রাসায়

(প্রথম পৃষ্ঠার পর)

### ছাত্র শিবির

ইসলামী ছাত্র শিবির আলিয়া মাদ্রাসায় সন্ত্রাস সৃষ্টির জন্য জাতীয়তাবাদী ছাত্রদলকে দায়ী করেছে। বুধবার এক সাংবাদিক সম্মেলনে এ অভিযোগ করা হয়।

সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিবিরের আলিয়া মাদ্রাসা শাখার সভাপতি মোঃ নজরুল ইসলাম। এ সময় কেন্দ্রীয় সহ-সভাপতি শেখ কামরুল আলম ও মহানগর শাখার সাধারণ সম্পাদক এনামুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে নজরুল ইসলাম বলেন, বিনা উস্কানিতে ছাত্রদলে সন্ত্রাসীরা আলিয়া মাদ্রাসায় নিরীহ ছাত্রদের উপর হামলা চালায়।

তিনি এ ঘটনার সুষ্ঠু তদন্তের জন্য বিচারবিভাগীয় তদন্ত কমিটি গঠন ও দোষী ব্যক্তিদের শাসিত প্রদান, চিহ্নিত সন্ত্রাসীদের ছাত্রাবাস ও মাদ্রাসা থেকে বহিস্কার এবং অবিলম্বে মাদ্রাসা খুলে দেয়ার দাবি জানান।

এছাড়া বাংলাদেশ ছাত্র মৈত্রীর সভাপতি রাগিব আহসান মুন্না ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান বুলু, ইসলামিক পার্টির সিনিয়র সহ-সভাপতি শেখ আশরাফ হোসেন ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক এডভোকেট আবদুল মোবিন এবং বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়ার সভাপতি মোঃ রফিকুল ইসলাম ও প্রধান সম্পাদক মোঃ আবু বকর সিদ্দিক পৃথক পৃথক বিবৃতিতে আলিয়া মাদ্রাসায় সন্ত্রাসের নিন্দা, দোষী ব্যক্তিদের শাস্তি প্রদান ও অবিলম্বে মাদ্রাসা খুলে দেয়ার দাবি জানিয়েছেন।